গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,নগরকান্দা, ফরিদপুর,
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির আগস্ট/২৩মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ মঈনুল হক
তারিখঃ ১০-০৮-২০২৩ খ্রিঃ
সময়ঃবিকাল- ৩.০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,নগরকান্দা, ফরিদপুর।

সভাপতি অংশগ্রহনকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার,নগরকান্দা,ফরিদপুরকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার কার্যপত্র অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|
| ১।সার পরিস্থিতি পর্যালোচনাঃ সদস্য সচিব, সভাকে জানান যে, আগস্ট মাসে ৩১১ মে. টন ইউরিয়া, ৩৯ মে. টন টিএসপি, ৯০ মে. টন ডিএপি, ৭০ মে. টন এমওপি সার নগরকান্দা উপজেলায় বরাদ্দ পাওয়া গিয়েছে। এসব সার ০৯ টি ইউনিয়নে ও ০১ টি পৌরসভা বিসিআইসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা,ফরিদপুর। |
| ২। সারের উপ বরাদ্দ চাহিদাঃ সদস্য সচিব সভাকে জানান যে, খরিপ-২ মৌসুমে প্রায় ৯৫০০ হেঃ জমিতে ফসল আবাদ হবে। আবাদী জমির চাহিদার ভিত্তিতে আগস্ট ও সেপ্টেম্বর মাসে যে পরিমাণ সারের চাহিদা রয়েছে তার থেকে বরাদ্দ অনেক কম।আগস্ট ও সেপ্টেম্বর এই দুই মাস মিলিয়ে অত্র উপজেলায় বরাদ্দ রয়েছে ৫৯১ মেঃটন ইউরিয়া, ৩৪৫ মেঃ টন টিএসপি/ডিএপি এবং ১৭৫ মেঃ টন এমওপি সার। চাহিদা রয়েছে প্রায় ১২০০ মেঃ টন ইউরিয়া, ৯০০ মেঃ টন টিএসপি/ডিএপি ও ৭০০ মেঃ টন এমওপি সার। ঘাটতি রয়েছে ৬০৯ মেঃ টন ইউরিয়া, ৫৫৫ মেঃ টন টিএসপি/ডিএপি, ৫২৫ মেঃ টন এমওপি সারের। এমতাবস্থায় সারের উপবরাদ্দ প্রয়োজন হতে পারে। | পরিস্থিতি বিবেচনা করে ৬০০ মেঃ টন ইউরিয়া, ৫০০ মেঃ টন ডিএপি এবং ৫০০ মেঃ টন এমওপি সার উপ বরাদ্দ চেয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা,ফরিদপুর। |
| ৩। সার ডিলারদের শৃংখলা/ বিধি ভঙ্গঃ ** সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স মাহতাব ট্রের্ডাস, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারকে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে বিগত ২৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত থাকার নিমিত্তে নোটিশ প্রদান করা হয়।কিন্তু তিনি কাউকে অবহিতকরণ ব্যাতিরেকে সভায় অনুপস্থিত থাকায় আবার তাকে কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। পুনরায় নোটিশ নিয়ে যাওয়ার পর তিনি তা গ্রহন করবেন না বলে জানিয়ে দেন। এমতাবস্থায় গত ১৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখের মাসিক সভায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং বিএফএ এর সভাপতির মাধ্যমে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেওয়ার কথা ছিল। বারংবার তাকে বিধি মোতাবেক সার বিক্রয়ের জন্য সতর্ক করা হয়। উল্লেখ্য ইতোপূর্বে অবৈধভাবে সার বিক্রির দায়ে ০৩ মাস তার অনুকূলে সার বরাদ্দ বন্ধ ছিল। | সকল দিক পর্যালোচনা সাপেক্ষে সর্বসম্মতি ক্রমে মেসার্স মাহতাব ট্রের্ডাস, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারের লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা,ফরিদপুর। |

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
নগরকান্দা,ফরিদপুর।

CamScanner

| | | |
|---|---|---|
| ** পৌরসভার ০৯ জন খুচরা সার বিক্রেতাদের দোকান পরিদর্শন পূর্বক দেখা যায় যে, মেসার্স ইউসুফ এন্টারপ্রাইজ, প্রোঃ ইউসুফ হোসেন, নগরকান্দা বাজার এর দোকান ঘর নাই এবং ব্যবসা করেন না। মেসার্স নওয়াব এন্টারপ্রাইজ, প্রোঃ নওয়াব আলী ঠাকুর নগরকান্দা বাজার সে ব্যবসা করেন না। মেসার্স ওমেদ আলী এন্টারপ্রাইজ, প্রোঃ ওমেদ আলী, নগরকান্দা বাজার সে নিজে ব্যবসা করেন না এবং খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি অন্য একজনকে ভাড়া দিয়েছেন। এমতাবস্থায় সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর ১১.৭ ধারা মোতাবেক তাদের খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিলযোগ্য। উল্লেখ্য পূর্বেও তাদের এ বিষয়ে মৌখিক ভাবে সতর্ক করা হলেও তারা কোন ব্যবস্থা নেয়নি। | সকল দিক আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে মেসার্স ইউসুফ এন্টারপ্রাইজ, প্রোঃ ইউসুফ হোসেন, নগরকান্দা বাজার এর খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মেসার্স ওমেদ আলী এন্টারপ্রাইজ, প্রোঃ ওমেদ আলী, মেসার্স নওয়াব এন্টারপ্রাইজ, প্রোঃ নওয়াব আলী ঠাকুর, নগরকান্দা বাজার তাদের কারণ দর্শানোর নোটিশ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪। বিএসএ প্রতিনিধিঃ মোঃ হারুন-অর-রশিদ, সভাপতি, বিএসএ নগরকান্দা,সভাকে জানায় যে,বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক নিবন্ধনকৃত বীজ ব্যবসায়ীর তালিকা থেকে মোঃ আজিজ তালুকদার, চাঁদহাট বাজার, চরযশোরদী এবং মোঃ মিরাজ কাজী, পুরাপাড়া বাজার, পুরাপাড়া কে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য করা যেতে পারে। | সকলের মতামতের ভিত্তিতে মোঃ আজিজ তালুকদার, চাঁদহাট বাজার, চরযশোরদী এবং মোঃ মিরাজ কাজী, পুরাপাড়া বাজার, পুরাপাড়া কে বিএসএ এর উপজেলা প্রতিনিধি হিসাবে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |
| ৫। বিবিধঃ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
নগরকান্দা,ফরিদপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩. ৪৮৬ | তারিখ ঃ ১০/০৮/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. মাননীয় সংসদ সদস্য ফরিদপুর-২।

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৩.উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।

৪.উপজেলা ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, থানা, নগরকান্দা।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি।

১১. ইউপি চেয়ারম্যান ( সকল )।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি।

১৪. সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেসক্লাব/মডেল প্রেসক্লাব, নগরকান্দা।

১০/৮/২৩

(তিলোক কুমার ঘোষ)
উপজেলা কৃষিঅফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

CamScanner

১০-০৮-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা –

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | মোহাম্মদ আবুল হোসেন | উপজেলা সমবায় অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মিয়া মোঃ আরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | ডাঃ মোঃ সাইফুল ইসলাম | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | আবদুল্লাহিল আবরার | উপজেলা মৎস কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ আতাউর রহমান | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, পুড়াপাড়া | স্বাক্ষরিত |
| ৮ | আবুল খায়ের | কৃষক প্রতিনিধি, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |

CamScanner